

# ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (২) HydroChina Corporation হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- DSTP-O&M-HydroChina-DWASA-EE-0290/25;  
Date: 04/12/2025.
- (৩) প্রস্তুতকৃত Specification.
- (৪) দর সংগ্রহের জন্য স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং- ৪৬.১১৩.৬৩৭.০০.০০.১৩৪.২০২৫.৬০৩;  
তারিখঃ ০৪/১২/২০২৫ইং।
- (৫) Advance Multiple Technology হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০৭/১২/২০২৫ইং।
- (৬) M/S Raihan construction হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০৮/১২/২০২৫ইং।
- (৭) Earth International হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০৮/১২/২০২৫ইং।
- (৮) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামূলক বিবরণী।
- (৯) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ “Supply of Fuse Disconnecter Switch, Compressor & Installation with gas charge of chiller at SDIP of Dasherbandi STP” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। ক্রমিক নং-০১ হতে ০৯ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation কার্যক্রম সর্বাধুনিক প্রযুক্তি ও উন্নত মেশিনারিজ দ্বারা পরিচালিত হয়। পয়ঃশোধনাগারের আওতায় ১টি SLS, ১টি Inlet Pumping Station, ৪টি SST, ২টি AAO Tank, ৮টি PST, ২টি Sludge Pump Station, ১টি Sludge Storage Tank, ১টি Sludge Thickening & Dewatering Building, ২টি Sludge Cake Storage Tank, ১টি Sludge Drying & Incineration Plant (SDIP) ইত্যাদি বিদ্যমান রয়েছে। আলোচ্য পয়ঃশোধনাগারের SDIP তে বর্তমানে Ozone Generation এর ২টি ইউনিটের মধ্যে ১টি ইউনিটের Chiller -এর Compressore ৩ বছর চলার পর নষ্ট হওয়ার কারণে Ozone Generation এর ১টি ইউনিট বন্ধ আছে। ফলে Flue Gas এর Odor নিয়ন্ত্রণে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। বিধায় নিকটস্থ এলাকা হতে Odor এর বিষয়ে অভিযোগ আসছে। বর্তমানে Ozone Generation এর Chiller এর জন্য Compressore ক্রয় করা প্রয়োজন। এছাড়া, SDIP এর SMDB-2 এর PFI প্যানেলের Fuse Disconnecter Switch গত ০৮/১২/২০২৫ইং তারিখ দুপুর ১:৩০ মিনিটে ট্রিপ করে। সরজমিনে পরিদর্শনে দেখা যায় যে ২নং PFI ইউনিটের Fuse Disconnecter Switch পুড়ে যাওয়ার ফলে ট্রিপ হয়েছে। এহেন অবস্থায় জরুরী ভিত্তিতে বর্ণিত Fuse Disconnecter Switch এবং Compressor ক্রয়সহ স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে আলোচ্য পয়ঃশোধনাগারের O&M কাজে নিয়োজিত HydroChina Corporation হতে পত্র প্রেরণ করা হয়েছে (ক্রমিক নং-২ দ্রঃ)। সেপ্রেক্ষিতে আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে প্রস্তুতকৃত Specification অনুযায়ী ৩টি ঠিকাদারী প্রতিষ্ঠান হতে পত্র মারফত একক দর সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ৩, ৪, ৫, ৬ ও ৭ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৮দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে দেখা যায় যে, Advance Multiple Technology আলোচ্য Compressor ক্রয়সহ স্থাপন কাজের মূল্য বাবদ ৪,৯৮,৬০০.০০ টাকা (VAT ও IT সহ) সর্বনিম্ন দর দাখিল করেছে। সর্বনিম্ন দরের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৯দ্রঃ)। সর্বমোট প্রাক্কলিত মূল্য ৪,৯৮,৬০০.০০ (চর লক্ষ আটানব্বই হাজার ছয়শত টাকা) মাত্র।

